

আগমনী

▣ সৌম্যদীপ চক্রবর্তী

আগমনীর সুর ভাসছে আকাশে,
মায়ের আসার ঘন্টা বাজছে বাতাসে,
বহর ঘুরে এল আরেক আশ্বিন,
দুর্গা পূজোর প্রস্তুতিতে ব্যস্ত
উত্তর-পূর্ব-পশ্চিম-দক্ষিণ ।।

বর্ষা শেষে নীল-আকাশ আনন্দ জাগায় মনে,
মন আজ হারিয়ে যায় শিউলি ফুলের গন্ধে,
নদীর পাশে কাশ ফুলেরা হাওয়ায় যখন দোলে,
মা দুর্গার আগমনের অপেক্ষায় মন প্রস্তুতি হয়ে
উঠে ।।

শরতের আকাশে রোদের ঝিলিক,
মা আসছেন ঘরে-ঘরে,
বাজছে ঢাক, বাজছে কাসর
মন আজ প্রানবন্ত ধুনোচি নাচের আসরে ।।

বহর ঘুরে এল আবার খুশির শরত,
মহালয়ার পূণ্য সকালে বীরেন্দ্রকৃষ্ণ ভদ্রের শোনা,
উৎসব উচ্ছ্বাসে কাটবে এ চার দিন,
সবাইকে জানাই শারদীয়ার শুভেচ্ছা ।।

